

## 118121 - কারো মৃত্যুতে সমবেদনা জানানোর জন্য সফর করার বিধান কি?

---

### প্রশ্ন

প্রশ্ন: কোন আত্মীয় বা বন্ধুর মৃত্যুতে সমবেদনা জানানোর জন্য সফর করার বিধান কি, দাফনের আগে সমবেদনা জানানো কি জায়েয?

### প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

কোন আত্মীয় বা বন্ধুর মৃত্যুতে সমবেদনা জানানোর জন্য সফর করতে কোন বাধা আছে বলে আমরা জানি না। কারণ এতে রয়েছে সহমর্মিতা, বিপদের সময় তাদের দুঃখ লাঘব করা, তাদেরকে সান্ত্বনা দেয়া। দাফনের আগে কিংবা পরে সমবেদনা জানাতে কোন বাধা নেই। বিপদের পর যত তাড়াতাড়ি সমবেদনা জানানো যাই ততই ভাল; কারণ এতে তাদের দুঃখ লাঘবে বেশি ভূমিকা রাখা যায়। আল্লাহই তাওফিকদাতা।[সমাপ্ত]

শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ)